দৈনিক ইনকিলাব

তারিখ 04 SEP 2007
পৃষ্ঠা ৫ কলাম ১

# ইসলামী মিশন মহিলা কামিল মাদ্রাসার শতভাগ পাশের গৌরব অক্ষুণ্ন

ইনকিলাব রিপোর্ট ঃ মোহাম্মদপুর লালমাটিয়াস্থ আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদ্রাসা আলিম, ফাযিল ও কামিল পরীক্ষার ফলাফলে প্রথম শ্রেণী, এ+ এবং এ গ্রেডসহ শতভাগ পাসের গৌরবের ধারাবাহিকতা অব্যাহত রেখেছে। বিগত আলিম, ফাযিল ও কামিলে এ মাদ্রাসা অনুরূপ ফলাফল অর্জন করেছিল। অর্থনৈতিক এবং অবকাঠামোগত সমস্যার প্রতিবন্ধকতা থাকা সত্ত্বেও মাদ্রাসার প্রিন্সিপাল আল্লামা সৈয়দ আ ন ম মাহবুবুর রহমান ও ভাইস প্রিন্সিপাল আলহাজ্ব ক্বারী রওশন আরা নূরীর প্রত্যক্ষ তত্ত্বাবধান, পরিচালনা কমিটি এবং অভিভাবকদের আন্তরিকতা, সহযোগিতার কারণেই এ মাদ্রাসা ও এতিমখানা বরাবর ভাল ফলাফল করে আসছে। প্রিন্সিপাল বলেন, তার মাদ্রাসায় বিশেষ নিরাপত্তার মধ্য দিয়ে খোলামেলা পরিবেশে প্রতি বিষয় শিক্ষক-শিক্ষিকাদের তত্ত্বাবধানে লেখাপড়ার পাশাপাশি সঠিক ইসলামের অনুশীলনের পূর্ণাঙ্গ ব্যবস্থা রয়েছে। আর এসব কারণে মাদ্রাসার ছাত্রীরা শতভাগ পাসসহ উচ্চমানের ফলাফলের পাশাপাশি আদর্শ মা হিসেবে গড়ে উঠেছে। তাই এসব ছাত্রীর উত্তরসূরিরা উচ্চমানের নাগরিক হয়ে ইসলাম ও দেশের খেদমতের আঞ্জাম দেবে। তিনি বলেন, ভাইস প্রিন্সিপালের নেতৃত্বে একদল মাতৃসুলভ এবং পিতৃতুল্য শিক্ষকমণ্ডলীর আন্তরিক ও নিরলস পরিশ্রম এবং ছাত্রীদের একাগ্রতার কারণেই এ মাদ্রাসা ভাল ফলাফল করছে। তিনি বলেন, তার মাদ্রাসার অধিকাংশ ছাত্রী গরীব এবং এতিম। তারা বিনামূল্যে মাদ্রাসায় লেখাপড়া ও থাকা-খাওয়ার সুযোগ পাচ্ছে। তিনি বলেন, আর্থিক সহায়তা এবং স্থানাভাব দূর হলে আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদ্রাসাকে একটি মডেল হিসেবে গড়ে তোলা সম্ভব। তিনি সকল মহলের দোয়া ও সহযোগিতা কামনা করেছেন।



ইনকিলাব ঃ আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদ্রাসার কৃতী ছাত্রীদের সাথে প্রিন্সিপাল ও ভাইস প্রিন্সিপাল